



বিটিসিএল প্রকৌশলী পরিষদ

হোল্ডিং নং-১৭৩/ই, সড়ক ৪, মোহাম্মদীয়া হাউজিং লিমিটেড, মোহাম্মদপুর, ঢাকা

স্মারক নং- বিপ্রপ/প্রশাসনিক/২০২৬০৬১০-০১

তারিখঃ ১০/০৬/২০২৬ খ্রিঃ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)-এর সহকারী প্রকৌশলী মাহাদী হাসানের উপর ন্যাকারজনক হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ

আমরা বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এর প্রকৌশলীরা গভীর উদ্বেগ ও ক্ষোভের সঙ্গে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)-এর সহকারী প্রকৌশলী জনাব মাহাদী হাসানের উপর সংঘটিত শারীরিক হামলার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

একজন সরকারি প্রকৌশলী তাঁর দাপ্তরিক দায়িত্ব পালনকালে শারীরিকভাবে লাঞ্চিত ও হামলার শিকার হওয়ার ঘটনা অত্যন্ত দুঃখজনক, অনভিপ্রেত এবং রাষ্ট্রের প্রশাসনিক ও পেশাগত পরিবেশের জন্য হুমকিস্বরূপ। সরকারি কর্মকর্তা ও প্রকৌশলীদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা রাষ্ট্র ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অন্যতম দায়িত্ব। কর্মস্থলে কোনো কর্মকর্তা বা কর্মচারীর উপর হামলা শুধু ব্যক্তির উপর আঘাত নয়, বরং এটি একটি প্রতিষ্ঠানের মর্যাদা, শৃঙ্খলা এবং পেশাগত মূল্যবোধের উপর আঘাত।

বিটিসিএল প্রকৌশল পরিষদ বিশ্বাস করে যে, সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রকৌশলীদের পেশাগত দায়িত্ব পালনের ক্ষেত্রে ভয়ভীতি, হুমকি বা শারীরিক নির্যাতনের কোনো স্থান নেই। এ ধরনের ঘটনা প্রশাসনিক কাঠামোকে দুর্বল করে এবং দক্ষ ও সংভাবে দায়িত্ব পালনের পরিবেশকে ব্যাহত করে।

আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট নিম্নলিখিত দাবিসমূহ জানাচ্ছি—

১. ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্ত নিশ্চিত করতে হবে।
২. হামলার সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে প্রচলিত আইন অনুযায়ী দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।
৩. ভুক্তভোগী সহকারী প্রকৌশলী মাহাদী হাসানের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করতে হবে।
৪. সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সকল প্রকৌশলী ও কর্মকর্তাদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৫. ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় প্রশাসনিক ও নীতিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বিটিসিএল প্রকৌশলী পরিষদ এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং ভুক্তভোগীর প্রতি পূর্ণ সংহতি প্রকাশ করছে। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করবে এবং সরকারি কর্মকর্তাদের নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখতে কার্যকর ভূমিকা পালন করবে।

১০-০৬-২০২৬

প্রকৌশলী মোহাম্মদ ফয়েজ ছোটন

সাধারণ সম্পাদক

বিটিসিএল প্রকৌশল পরিষদ

যোগাযোগঃ ০১৫৫০১৫১৮৬১